বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
Website: www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.১০২.০২.২৬২.১৮-৪৫৬  তারিখঃ ২৪ জুন, ২০২৪ খ্রি.

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সকল প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, জাতীয় দক্ষতামান বেসিক কোর্স ৩ মাস/ ৬মাস, এ্যাডভান্স সার্টিফিকেট কোর্স, সার্টিফিকেট ইন মেডিকেল আল্ট্রাসাউন্ড (সিএমইউ), সার্টিফিকেট ইন মেডিকেল টেকনোলজি (১ বছর মেয়াদি), সার্টিফিকেট ইন এনিমেল হেলথ এন্ড প্রডাকশন, কম্পিটেন্সি বেইজড ট্রেনিং এন্ড এ্যাসেসমেন্ট (আরটিও), প্রি-ভোকেশনাল (৬ষ্ঠ-৮ম) শ্রেণী, এসএসসি (ভোকেশনাল), দাখিল (ভোকেশনাল), এইচএসসি (বিএমটি), ডিপ্লোমা-ইন-কমার্স, এইচএসসি (ভোকেশনাল). ডিপ্লোমা -ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা -ইন- টেক্সটাইল, ডিপ্লোমা -ইন-ফরেস্ট্রি, ডিপ্লোমা-ইন- মেরিন টেকনোলজি, ডিপ্লোমা–ইন- এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন- ফিশারিজ, ডিপ্লোমা-ইন- ফিশারিজ (ইন সার্ভিস), ডিপ্লোমা-ইন-এনিমেল হেলথ, ডিপ্লোমা-ইন-লাইভস্টক, ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশন, ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং(নেভাল), ডিপ্লোমা ইন মেরিন ট্রেড প্রতিষ্ঠানের এ্যাফিলিয়েশন ফি গ্রহণ যুগোপযোগী করায় গত অক্টোবর-২৩খ্রি. ইং হতে অন লাইনে গ্রহণ/ পরিশোধ করার ব্যবস্থা নেয়া হয়েছে। তথাপিও বেশ কিছু প্রতিষ্ঠান ম্যানুয়াল সিস্টেমে এ্যাফিলিয়েশন ফি পরিশোধ করছেন। ই-সেবার মানকে আরও গতিশীল করার লক্ষ্যে চেয়ারম্যান মহোদয়ের অনুমতি সাপেক্ষে সকল কারিকুলামের এ্যাফিলিয়েশন ফি ই-সেবার মাধ্যমে জমা প্রদান করার জন্য অনুরোধ করা যাচ্ছে। **০১ জুলাই, ২০২৪ খ্রি.** থেকে ম্যানুয়াল সিস্টেমে কোনো কারিকুলামের এ্যাফিলিয়েশন ফি গ্রহণ করা হবে না। **সরকারি সকল প্রতিষ্ঠানের এ্যাফিলিয়েশন ফি এর বিল ই-সেবার মাধ্যমে ডাউনলোড করার জন্য অনুরোধ করা হলো।**

আপনার প্রতিষ্ঠানের বার্ষিক এ্যাফিলিয়েশন ফি **বোর্ডের ওয়েবসাইটে (bteb.gov.bd > ই-সেবা অথবা bteberp.com) প্রবেশ করে ই-সেবার মাধ্যমে** নিয়মিত পরিশোধ করার জন্য যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। এ্যাফিলিয়েশন সংক্রান্ত **বিষয়ে যেকোনো অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে প্রয়োজনীয় ডকুমেন্টসসহ এ্যাফিলিয়েশন শাখায় যোগাযোগ করা যেতে পারে।**

**বিষয়টি অতীব জরুরী।**

২৪/০৬/২০২৪
(মোঃ আল মাসুদ করিম)
সচিব
ফোন ঃ ৫৫০০৬৫২২ (অফিস)

স্মারক নং- ৫৭.১৭.০০০০.১০২.০২.২৬২.১৮-৪৫৬(১০)  তারিখঃ ২৪ জুন, ২০২৪ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১-৫। পরিচালক (কারিকুলাম)/ পরীক্ষা নিয়ন্ত্রক/ পরিদর্শক/ পরিচালক (আইসিটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৭। উপপরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা ইন এগ্রিকালচার/ টেক্সটাইল/ বিএমটি/ এসএসসি (ভোক:)/ শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ সুপার/ পরিচালক/ প্রতিষ্ঠান প্রধান (সকল)।
৯। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০। নথি।

২৪.০৬.২৪
(মোঃ আব্দুল্লা আল মাবুদ)
উপ-সচিব (প্রশাসন) অঃ দাঃ
ফোন ঃ ৫৫০০৬৫৩০ (অফিস)